



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.coop.gov.bd

নং- ৪৭.৬১.০০০০.০০৪.১৮.০৭০.৯১.জি-১৩৭১(১০)-এ/ও


তারিখ: ০৬.১১.২০২৪।

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি বিভিন্ন মোবাইল নম্বর (০১৮৫০১০৪৮৩০, ০১৮৪১৪৬০৪৫৬, ০১৮৫৭৯১০৩৭৬ ও ০১৮৩৬২১১৩৮১ ইত্যাদি) ব্যবহার করে অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর, ঢাকা জনাব মোহাম্মদ হাফিজুল হায়দার চৌধুরী এর নামসহ যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) ও উপনিবন্ধক (প্রশাসন) এর নাম উল্লেখপূর্বক সমবায় অধিদপ্তরের সদর কার্যালয়সহ মাঠ পর্যায়ের বিভাগীয়/জেলা/উপজেলায় বিভিন্ন পদে কর্মরত কর্মচারীদের বদলি/পদায়নের ভয়ভীতি প্রদর্শনপূর্বক অসাধু চক্র অর্থ আদায়ের চেষ্টা করছে।

এমতাবস্থায়, অসাধু চক্রের হাত থেকে সতর্ক থাকার জন্য অনুরোধ করা হলো। একইসাথে যে মোবাইল নম্বর থেকে ফোন দিয়ে ভয়ভীতি প্রদর্শন করা হচ্ছে সে মোবাইল নম্বরটি উল্লেখপূর্বক নিকটস্থ থানায় সাধারণ ডায়েরি/অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি


(মোঃ আতিকুল ইসলাম)
উপনিবন্ধক (প্রশাসন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি:

- ০১। যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ ময়মনসিংহ (তৌর আওতাধীন জেলা/উপজেলাসহ সকল কর্মকর্তা/কর্মচারীদের অবহিত করার অনুরোধসহ)।
- ✓ ০২। যুগ্মনিবন্ধক (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা (তৌকে জারিকৃত বিজ্ঞপ্তি সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ০৩। সংশ্লিষ্ট নথি।